



জাবি উপাচার্যের পদত্যাগ দাবিতে সর্বাত্মক ধর্মঘট ঘোষণা

কালো পতাকা প্রদর্শন কর্মসূচি পালন

প্রকাশ : ০১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) অধিকতর উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগে উপাচার্য ফারজানা ইসলামের পদত্যাগের দাবিতে গতকাল সোমবার সপ্তম দিনের মতো কর্মসূচি পালন করেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। কর্মসূচিতে আজকের (মঙ্গলবার) মধ্যে উপাচার্য পদত্যাগ না করলে বুধবার থেকে সর্বাত্মক ধর্মঘটের ঘোষণা দেন তারা। গতকাল দুপুরে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনারের পাদদেশে কালো পতাকা প্রদর্শন কর্মসূচি পালন করা হয়। এ সময় মঙ্গলবার উপাচার্যকে লাল কার্ড দেখানো ও বুধ, বৃহস্পতিবার সর্বাত্মক ধর্মঘটের ঘোষণা দেন নেতারা। কর্মসূচিতে সম্মিলিত শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক আব্দুল জব্বার হাওলাদার, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজের সাধারণ সম্পাদক অধ্যাপক খবির উদ্দিন, দর্শন বিভাগের অধ্যাপক আনোয়ারুল্লাহ ভূঁইয়া ও অধ্যাপক কামরুল আহসান, নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাঈদ ফেরদৌস ও অধ্যাপক মির্জা তাসলিমা সুলতানা, বাংলা বিভাগের অধ্যাপক নাজমুল হাসান তালুকদার ও অধ্যাপক শামীমা সুলতানাসহ জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোট, ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের বিশ্ববিদ্যালয় শাখার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|